



02CC 515269

STAMP AFFIXED BY
STAMP SUPERINTENDENT
KOLKATA COLLECTORATE





৩,৩০,০০০ (তিন লক্ষ তিরিশ হাজার) টাকা পণে

## সাফ বিক্রয় কোবালা

ক্রেতা — শ্রীমতি শান্তিময়ী চ্যাটার্জ্জী, স্বামী স্বর্গীয় বিনয় কুমার চ্যাটার্জ্জী, জাতি - হিন্দু, পেশা - গৃহবধূ, সাং ই-বি ২/১, পোঃ জ্যাংড়া, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, কলিকাতা - ৭০০০৫৯।

ক্রমশঃ ......






বিক্রেতা ঃ শ্রীমতী ব্রতা ভট্টাচার্য্য, স্বামী শ্রী সলিল ভট্টাচার্য্য, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং জ্যাড়া, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগণা, হাল সাং - ৬/১, বি, বেলতলা রোড, থানা - ভবানীপুর, কলকাতা - ৭০০০২৬। অধুনা - ৯৩/২, কানকুলিয়া রোড, ফ্ল্যাট নং ডি/২০৪, কোলকাতা - ৭০০০২৯।

ক্রমশ ......

1000Rs.

1000Rs.






কস্য সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় কমবেশী ৩ তিন কাঠা জমি মায় নকসায় প্রদর্শিত রাস্তার সর্ব্বপ্রকার স্বত্ব সহ দরবস্তু হকুক সম্পত্তি বিক্রয়ের সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস বিধাননগর, পরগণা কলিকাতা মৌজা - জ্যাংড়া গ্রামে

ক্রমশ

1000Rs.




৪

৩০২৭ নং তৌজিভূক্ত মালিক আশুতোষ বাগুই স্থলে হাল পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিকারে সাবেক পাট্টাই মোরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ত্বীয় ৪৯ শতক জমি বার্ষিক ৬৲ টাকা জমা ও ঐ থানার অধিন ঐ জ্যাংড়া গ্রামে ঐ তৌজিভূক্ত সাবেক মালিক যুগল কৃষ্ণ মন্ডল, স্থলে হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টা মূলে

ক্রমশ ......

ক্রমশ ......






মৌরসী মোকররী হাল রায়তী স্বত্নীয় ৫০ শতক জমি বার্ষিক ১২ টাকা জমা যাহা হরিয়াড়া সাকিনের আবদুল আহাদ মন্ডলের স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তিনি উক্ত সম্পত্তি খাসে ভোগ দখল করিতে থাকাঅস্থায় ১৯৪২ সালে ১০ই মার্চ তারিখে কাশীপুর দমদম সাব-রেজিস্ট্রী অফিসের ১ নং বহির ১৪ ভলুমের ২৪৮ হইতে ২৫০ পাতায় নকলকৃত ৩৪৮৩ নং রেজিষ্ট্রীকৃত কোবালা দলিলে ৪৩ নং ক্লাইভ স্ট্রীট কলিকাতা নিবাসী

ক্রমশ ......

মৌলবী মহম্মদ মুসা ও মৌলবী মহম্মদ আবদুল কায়ুম দিং নিকট বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে খাস দখল দেন। উক্ত মৌলবী মহম্মদ মুসা ও আবদুল কায়ুম উক্ত সম্পত্তি খরিদ সূত্রে মালিক দখলীকার হইয়া কাসে ভোগ দখল করিতে থাকাকালে তাহাদের খরিদা সাবেক ৯০ খতিয়ান ভূক্ত সাবেক ১৮১৯ দাগের ডাঙ্গা ৪৯ শতক ও সাবেক ১৯৬ নং খতিয়ানভূক্ত সাবেক ১৪১৭ দাগে ডাঙ্গা ৫০ শতক মোট ৯৯ শতক ও সাবেক ২৪৫ খতিয়ানভূক্ত সাবেক ১৪১৬ দাগের বাগান ২৫ শতক জমি বার্ষিক ২/. জমা যাহা হারিয়াড়া সাকিনের মহম্মদ জহুরতল হক সাহেবের নিকট ইংরাজী ১১/৩/১৯৫৫ তারিখে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৩৪ ভলুমের ১৬৮ হইতে ১৭১ পাতায় নকলকৃত ১৯১৯ নং রেজিষ্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা দলিলের বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে খাস দখল দেন। উক্ত মহম্মদ জহুরুল হক সাহেব খরিদ সুত্রে উক্ত সম্পত্তির মালিক দখলীকার হইয়া মালিক সরকারে খাজনাদি আদায়ে দাখিলা গ্রহণে নিজ খাসে নির্ব্যুঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকাঅস্থায় সেটেলমেন্ট রেকর্ড আরম্ভ হইলে সাবেক ৯০ খতিয়ানে হাল ২০৫ ও সাবেক ১৯৬ খতিয়ানের হাল ৪৭ নং খতিয়ান হইয়া তাহার নাম বরাবর চুড়ান্ত রেকর্ডে লিপিবদ্ধ হয়। উক্ত সম্পত্তির দরুন উক্ত মহম্মদ জহুরুল হক ধার্য্যকৃত খাজনা গর্ভনমেন্ট সেরেস্তায় আদায় দিয়া তাহার নিদর্শন স্বরূপ দাখিলা প্রাপ্ত হইয়া নিজ খাসে নির্ব্যুঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহার খরিদা উক্ত ৯৯ শতক জমি মায় বৃক্ষাদি আকর আওলাতাদি সমেত শ্রী ননী গোপাল ভট্টাচার্য্যের নিকট ইংরাজী ২২/২/১৯৬৭ তারিখে কাশীপুর দমদম সাব-রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ২৮ ভলুমের ৩৫ হইতে ৩৮ পাতায় নকলকৃত ১৩৯৭ নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মুলে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে খাস দখল দেন। খরিদ সূত্রে শ্রী ননী গোপাল ভট্টাচার্য্য উক্ত সম্পত্তির মালিক দখলীকার হইয়া মালিক সরকারে নিজ নাম জারী পূর্বক খাজনা আদায়ে দাখিলা গ্রহণে খাসে নির্ব্যুঢ় স্বত্বে দখলীকার থাকা অবস্থায় তাহার

ক্রমশ ......

খরিদা খাস দখলী উক্ত সম্পত্তি প্লট প্ল্যান প্রস্তুত করিয়া রাস্তা দর্শাইয়া প্লট প্লটে বিভক্ত করিয়া কিছু প্লট বিক্রয় করিয়া বক্রী প্লট গুলি খাজনা আদায়ে খাস ভোগ দখলে থাকাকালীন নানা বৈধ কারণে নগদ টাকা আবশ্যক হেতু তাহার খরিদা খাস দখলী ভোগ ধখলী সম্পত্তির মধ্যে তপশীলে বর্ণিত ও সহ দাখিলী নকসায় (সুভট্ট) হলুদ রঙের সীমাকৃত চিহ্নিত 'বি' প্লটভূক্ত কমবেশী ৩ তিন কাঠা জমি মায় নকসায় প্রদর্শিত রাস্তার সর্ব্বপ্রকার স্বত্ব সহ বিক্রয়ের ঘোষনা করিলে আমি বর্ত্তমান-দলিলের বিক্রেতা শ্রীমতী ব্রতা ভট্টাচার্য্য আমার নিকট তাহার খরিদা উক্ত জমি গত ইংরাজী ১৩/৩/১৯৯০ তারিখে বিধাননগর এ.ডি.এস.আর. অফিসের ১ নং বহির ৪১ নং ভলুমের ৯১ হইতে ১০০ পাতায় ১৯০৪ সালে নং রেজিস্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা দলিল মূলে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে খাস দখল দেন। খরিদ সূত্রে আমি শ্রীমতি ব্রতা ভট্টাচার্য্য উক্ত সম্পত্তির মালিক দখলীকার হইয়া মালিক সরকারে কাজনা আদায়ে দাখিলা গ্রহণে নিজ খাসে নির্ব্যূঢ় স্বত্বে দখলীকার হইয়াছি যাহা দান, বিক্রয় করিবার আমর উত্তম নির্ব্যূঢ় স্বত্বাধিকার বর্ত্তমানে বিদ্যমান আছে।

এক্ষনে আমার নানাভিধ বৈধ কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হেতু আমার খরিদা খাস দখলী ভোগ দখলী সম্পত্তির মধ্যে নিম্ন তপশীলে বর্ণিত ও অত্র সহ দাখিলী নকসায় (সুভট্ট) হলুদ রজের সীমাকৃত চিহ্নিত। 'বি' প্লটভূক্ত কমবেশী ৩ তিন কাঠা জমি মায় নকসায় প্রদর্শিত রাস্তার সর্ব্বপ্রকার স্বত্ব সহ দরবস্তু হকুক বাজার মূল্য ৩,৩০,০০০.০০ (তিন লক্ষ তিরিশ হাজার) টাকা পণে বিক্রয় ঘোষনা করিয়া দিলে আপনি ক্রেতা তাহা অবগত হইয়া আমার নিকট হইতে উক্ত টাকা পণে খরিদের প্রস্তাব করায় আমি তাহাতে সম্মত হইয়া আপনার নিকট হইতে উক্ত টাকা নিম্ন জায়মত গ্রহণ করিয়া তপশীলে বর্ণিত সম্পত্তির এই সাফ কোবালায়

ক্রমশ ......

আপনার নিকট বিক্রয় করিয়া এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া আমার স্থলে আপনাকে সম্পূর্ণরূপে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যবতীয় নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববতী, ভোগবতী, দখলকারিনী ও দান বিক্রয়াদি যাবতীয় স্বত্বের আধিকারিনী হইয়া মালিক সরকারে ও পঞ্চায়েতে নিজ নাম জারী পূর্ব্বক খাজনা ও ট্যাক্সাদি আদায়ে উক্ত জমিতে চাষ বাস গৃহাদী নির্মান প্রভৃতির দ্বারা পুত্র পৌত্রাদি ওয়ারিশনাক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে দখল ভোগ করিতে থাকুন। কস্মিনকালে বিক্রীত সম্পত্তির উপর আমি পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে কোন প্রকার দাবী দাওয়া করিতে পারিব না করিলে সর্ব্বত্র বাতিল ও অগ্রাহ্য হইবে। কিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব দখল আধিকার ছিল বা আছে এই দলিল বলে আপনাতে বর্ত্তিল। বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে কোথাও কোনপ্রকারে হস্তান্তর বা দায় সংযোগ করি নাই, স্বত্ব দখলের দোষ নাই, আমার অন্য কোন সরিক নাই, বিক্রয় চুক্তিতে কাহারও সহিত বায়না করি নাই, বেনাম করিয়া রাখি নাই, আমি উহাতে বেনামদার নাহি, কাহাকেও কোন প্রকারে বিলি বন্দোবস্ত দিই নাই, কাহারও খোরাকী বা জামিনীতে আবদ্ধ নাই, আমার কোন দেনার দায়ে আদালত কর্তৃত ক্রোক বা নীলাম হয় নাই, সরকার বাহাদুর বা জনহীতকর প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হয় নাই বা উহা কোন এ্যাকুইজিশান বা রিকুইজিশনের অর্ন্তভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন প্রকারে মামলা মোকর্দ্দমার বিষয়ীভূক্ত সম্পত্তি নহে, উহা সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে। যদি উপরিলিখিত উক্তির কোনটি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পায় প্রচলিত আইন আমলে আসিব ও সমূহ ক্ষতি পূরন সহ পনের লিখিত সমস্ত টাকা ফেরত দিতে আমি মায় ওয়ারিশান ক্রমে বাধ্য রহিলাম। দলিলে ভুল প্রকাশ পাইলে ক্রেতার খরচায় বিনা পনে বেওজর সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে দলিলের মর্ম সম্যক পাঠ করিয়া ও পাঠ করাইয়া শুনিয়া

ক্রমশ ......

অবগত হইয়া পনের লিখিত ৩,৩০,০০০.০০ (তিন লক্ষ তিরিশ হাজার) টাকা নিম্ন জায়মত গ্রহণ করিয়া স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে এই সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম। ইতি সন ইংরাজী ৮ ই অক্টোবর ২০০৩ সাল।

-ঃ তপশীল বিক্রীত সম্পত্তি ঃ-

জেলা উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব-রেজিষ্ট্রী অফিস - বিধাননগর পরগণা কলিকাতা মৌজা জ্যাংড়া গ্রামে জে. এল. নং - ১৬, রেঃ সাঃ নং - ১১৪, তৌজি নং - ৩০২৭ হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীন সাবেক ৯০ হাল ২০৫ খতিয়ান ভূক্ত একটি বার্ষিক ৬.০০ টাকা জমার অন্তর্গত।

দাগ সাবেক ১৪১৯ হাল ১৪৫৯ ডাঙ্গা জমির মধ্যে অত্র সহ দাখিলী নকসায় হলুদ রঙের সীমাকৃত চিহ্নিত 'বি' প্লটভূক্ত কমবেশী ৩ তিন কাঠা জমি মায় নকসায় প্রদর্শিত রাস্তার সর্ব্বপ্রকার বর্ত্ম স্বত্ব ইজমেন্ট রাইট মায় জমিস্থিত বৃক্ষাদি আকর আওলাতাদি সমেত বার্ষিক হারাহারী মতে ৬০ পয়সা জমা।

চৌহদ্দী

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ | শুক্লা ওরফে সম্পা গাঙ্গুলীর জমি। |
| দক্ষিণে | ঃ | মৃনাল বোসের বাড়ী। |
| পূর্ব্বে | ঃ | রাস্তা |
| পশ্চিমে | ঃ | রাস্তা। |

ক্রমশ ......

<u>টাকার জায়</u>

(Sarit Bhattacharjee) সুজিত ভট্টাচার্য্য

1) By Pay Order No. 279753 dated 04.08.2003, drawn on United Bank of India, Baguiati Branch for ... — Rs. 1,50,000/-

2) By Pay Order No. 279764 dated 05.08.2003, drawn on United Bank of India, Baguiati Branch for ... Rs. 1,80,000/-

Total Rs. 3,30,000/-

(Rupees Three Lakhs Thirty thousand) only.

সুজিত ভট্টাচার্য্য

**মুসাবিদাকারক** ঃ-

Saonli Gautam
for

শাঁওলি গৌতম

এ্যাডভোকেট

কলকাতা হাইকোর্ট।

ইসাদীগণ ঃ-

1. A Setu ... Adv
Alipore Judge Court

2. G.C. Chatterjee
(G. C. Chatterjee).
147, Lake Town
B - Block
Cal - 89

# SPECIMEN FORM FOR TEN FINGERPRINTS

| SL. No. | Signature of the executants /and/ or purchaser Presentans | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 1 | | | | | | |
| | | Little | Ring | Middle (Left | Fore Hand) | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore | Middle (Right | Ring Hand) | Little |
| 2 | | | | | | |
| | | Little | Ring | Middle (Left | Fore Hand) | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore | Middle (Right | Fore Hand) | Little |
| 3 | | | | | | |
| | | Little | Ring | Middle (Left | Fore Hand) | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore | Middle (Right | Ring Hand) | Little |